



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

## প্রেস রিলিজ

তারিখ : ৩১/১০/২০১৬

### বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় আবেদনকারী ২৪,৩৯১ এবং প্রতি আসনের বিপরীতে প্রতিযোগী ১৮ জন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার আবেদনের সময়সীমা ৩০ অক্টোবর ২০১৬ রাত ১২ টায় শেষ হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীন ২০ টি বিভাগের ১,৩৫০টি আসনের বিপরীতে ২৪,৩৯১ জন শিক্ষার্থী আবেদন করেছে। প্রতিটি আসনের বিপরীতে প্রতিযোগী ১৮ জন। পূর্বের ১৮ টি বিভাগের সাথে চলতি শিক্ষাবর্ষ হতে ‘কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট ও দর্শন’ বিভাগ যুক্ত হয়েছে। উল্লেখ্য দেশের ৩৭ টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে সর্বপ্রথম বরিশাল বিশ্ববিদ্যালয়েই শিক্ষার্থীদেরকে প্রচলিত “ঘ” ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হচ্ছে না। শিক্ষার্থীদের ভোগান্তি লাঘবে বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আসন্ন ভর্তি পরীক্ষা হতে এ ধরনের উদ্যোগ গ্রহণ করেছে। তবে স্ব স্ব ইউনিটে পরীক্ষা দেয়ার মাধ্যমে শাখা পরিবর্তন ফি প্রদান সাপেক্ষে শিক্ষার্থীদের অন্য ইউনিটের বিভাগসমূহে ভর্তির সুযোগ থাকবে।

ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি নিম্নরূপ-

তারিখ ও বার	সময়	ইউনিট
১৮/১১/২০১৬ শুক্রবার	সকাল ১০:০০-১১:০০ টা	‘খ’
১৮/১১/২০১৬ শুক্রবার	বিকাল ৩:০০-৪:০০ টা	‘গ’
১৯/১১/২০১৬ শনিবার	সকাল ১১:০০-১২:৩০ টা	‘ক’

ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে <http://admission.eis.bu.ac.bd>,  
[www.barisaluniv.edu.bd](http://www.barisaluniv.edu.bd) এবং [www.barisaluniv.ac.bd](http://www.barisaluniv.ac.bd) পাওয়া যাবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)